

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*

স-২৮৪৭

আগরতলা, ১৩ নভেম্বর, ২০১৮

নারীদের এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে দেশের

বর্তমান সরকার উল্লেখযোগ্য ভূমিকা নিয়েছে : মুখ্যমন্ত্রী

যে দেশে নারীদের সম্মান, আদর ও শ্রদ্ধা করা হয় সেই দেশ সর্বশক্তিমান হয়ে উঠে। আজ ত্রিপুরা বিশ্ববিদ্যালয় স্পোর্টস বোর্ড এর উদ্যোগে ত্রিপুরা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের ভলিবল কোর্টে আয়োজিত চারদিনব্যাপী পূর্বাঞ্চল আন্ত-বিশ্ববিদ্যালয় মহিলা ভলিবল টুর্নামেন্টের সূচনা করে একথা বলেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। তিনি বলেন, খেলাধুলা, শিক্ষা, সরকারী কিংবা বেসরকারী ক্ষেত্রে মহিলাদেরকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সরকার বিশেষ গুরুত্ব দিয়েছে। ত্রিপুরা, মণিপুর সহ দেশের প্রত্যেকটি রাজ্যে প্রধানমন্ত্রী মহিলাদের সশক্তিকরণে এই স্বপ্ন পূরণের পথ অনুসরণ করে চলেছেন। তিনি বলেন, উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলি থেকে মেরিকম, মীরাবাই চানু, হীমা দাস, দীপা কর্মকার বিশ্বের ক্রীড়ামঞ্চে নিজেদের স্থান করে নিয়েছেন।

মুখ্যমন্ত্রী বলেন, এদের মধ্যে আমাদের রাজ্যের দীপা কর্মকার একমাত্র মহিলা যিনি খেলরত্ন, অর্জুন পুরস্কার, পদ্মশ্রী এই তিনটি পুরস্কার অর্জন করেছেন। তিনি বলেন, আমাদের দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মহিলাদের সর্বক্ষেত্রে এগিয়ে নিয়ে যেতে চাইছেন। মহিলাদের সর্বাধিক গুরুত্ব দিয়ে তাদের কল্যাণে বিভিন্ন যোজনা গ্রহণ করেছেন। প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনায় মহিলাদের বিনামূল্যে গ্যাস সংযোগ, প্রধানমন্ত্রী আবাস যোজনায় দেড়লক্ষ টাকায় পাকা ঘর, কন্যা সমৃদ্ধি যোজনা চালু করা হয়েছে। উত্তর-পূর্বাঞ্চলের ৮টি রাজ্যকে অষ্টালক্ষী আখ্যায়িত করে এসব রাজ্যের উন্নয়নের জন্য বিভিন্ন পদক্ষেপ নিয়েছেন। ত্রিপুরায় যোগাযোগ এবং পরিবহণ ব্যবস্থার উন্নয়নের লক্ষ্যে শীঘ্রই লজিস্টিক হাব তৈরি করা হবে। উত্তর-পূর্বাঞ্চলের অন্নদাতা হয়ে উঠবে ত্রিপুরা। ত্রিপুরাকে মডেল রাজ্য বানানোর যে স্বপ্ন তা পূরণ হবে।

মুখ্যমন্ত্রী অংশগ্রহণকারী মহিলা ভলিবল দলগুলিকে অভিনন্দন জানিয়ে বলেন, আমাদের দেশ মাতৃতান্ত্রিক দেশ। তিনি বলেন, আগামী ১৫ থেকে ১৮ নভেম্বর ত্রিপুরায় পূর্বোত্তর যুব উৎসব অনুষ্ঠিত হতে যাচ্ছে। এতে পূর্বোত্তর রাজ্যগুলি তাদের নিজস্ব সংস্কৃতি তুলে ধরবে। ২২ নভেম্বর থেকে আন্তর্জাতিক পর্যটন মার্চ অনুষ্ঠিত হবে ত্রিপুরায়। তিনি বলেন, কোন এক সময় উত্তর পূর্বাঞ্চলে কোন ধরনের আন্তর্জাতিক অনুষ্ঠান করার উদ্যোগ নেওয়া হতো না। কিন্তু প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী উত্তর-পূর্বাঞ্চল রাজ্যগুলিকে গুরুত্ব দিয়ে দেশের অন্যান্য প্রান্তের সাথে সঙ্গতি রেখে সমপর্যায়ে এই ধরনের আন্তর্জাতিক পর্যায়ের অনুষ্ঠান প্রদর্শনীর সুযোগ করে দিয়েছে। অনুষ্ঠানে ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ভি এল ধরুরকর বলেন, ত্রিপুরার যুবাদের মধ্যে অফুরন্ত শক্তি রয়েছে। এই যুবশক্তিকে চিহ্নিত করার উদ্যোগ নিয়েছে ত্রিপুরা বিশ্ববিদ্যালয়। এই যুবশক্তিই আগামী দিনে ত্রিপুরার উন্নয়নের ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা পালন করবে বলে তিনি অভিমত ব্যক্ত করেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ত্রিপুরা বিশ্ববিদ্যালয়-এর রেজিস্ট্রার শানিত দেবরয়া। অনুষ্ঠানে ধন্যবাদ সূচক বক্তব্য রাখেন অনুষ্ঠানের অর্গেনাইজিং সেক্রেটারি ড. পবন কুমার সিং। এছাড়া অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এ আই ইউ এর অবজার্ভার সিংকু কুমার সিং। উল্লেখ্য এই টুর্নামেন্ট আগামী ১৬ নভেম্বর পর্যন্ত চলবে। উদ্বোধনী পর্বশেষে মুখ্যমন্ত্রী সহ অন্যান্য অতিথিগণ বিভিন্ন বিশ্ববিদ্যালয় থেকে আগত ভলিবল খেলোয়াড়দের সাথে পরিচয় করেন।

\*\*\*\*